

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১১ জুন, ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : সংস্থার কর্মীদের আর্থিক দুর্নীতির কারণে চাকুরিচ্যুত কর্মীর তদন্ত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে জমাদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আর্থিক দুর্নীতির কারণে কর্মীকে সাময়িক চাকুরিচ্যুত করার পর তদন্ত কমিটি প্রতিবেদনের জন্য দীর্ঘসময় অপেক্ষা করার কারণে ব্যবস্থাপনা সিদ্ধান্ত গ্রহণে সময় ক্ষেপন হয়। এ প্রেক্ষিতে সংস্থার আর্থিক ব্যবস্থাপনাকে স্বচ্ছ, আরো গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে ব্যবস্থাপনা নিম্নোক্ত পদক্ষেপ গ্রহন করেছে:-

১. সংস্থায় কোন কর্মীর যদি আর্থিক দুর্নীতির কারণে সাময়িক চাকুরিচ্যুত হয় সেইক্ষেত্রে তদন্ত কমিটিকে ১৫ দিনের মধ্যে তদন্ত প্রক্রিয়া শেষ করে প্রতিবেদন জমা দিতে হবে।
২. এখানে উল্লেখ্য যে যেদিন কর্মী সাময়িক চাকুরিচ্যুত হবেন সেদিনই সংশ্লিষ্ট কর্মকর্তা সংস্থার মানব সম্পদ নীতিমালা অনুযায়ী তদন্ত কমিটি গঠন করে দেবেন।
৩. তদন্ত কমিটি গঠনের ১ম সপ্তাহে মধ্যে সংশ্লিষ্ট কর্মীকে কারণ দর্শানো নোটিশ, ২য় সপ্তাহের মধ্যে জবাব প্রাপ্তি, সরাসরি সাক্ষাৎকার ও তদন্ত প্রক্রিয়া শেষ করে তদন্ত প্রতিবেদন চূড়ান্তকরন এবং সহকারী পরিচালক-প্রশাসন ও এসআর এর নিকট ১৫ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।
৪. তদন্ত প্রক্রিয়া নির্দিষ্ট সময় শেষ করার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।
৫. এই সার্কুলারটি সাথে কেউ দ্বিমত পোষণ করলে আগামি ২৫ জুন, ২০১৮ এর মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে যেকোন মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৬. উক্ত সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এটি আগামি ২৫ জুন, ২০১৮ তারিখ পর্যন্ত অফিসের নোটিশ বোর্ডে বুলানো থাকবে এবং তারপর তা ষথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে। পরবর্তীতে এ সার্কুলারের সংশ্লিষ্ট ধারা মানব সম্পদ নীতিমালার অন্তর্ভুক্ত হবে।

এ ব্যাপারে আপনাদের সকালে সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ


সনত কুমার ভোমিক

11.06.2018

অনুলিপি:

নির্বাহি পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কপি